রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**রবিবার, জানুয়ারি ২৯, ২০১৭**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**
**জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২২ জানুয়ারি ২০১৭

**নং ২৮.০০.০০০০.০২৭.২২.০০৭.১৬-১৭।**—"এলপি গ্যাস অপারেশনাল লাইসেন্সিং নীতিমালা, ২০১৭" প্রজ্ঞাপনটি এতদ্‌সঙ্গে প্রকাশ করা হলো।

## এলপি গ্যাস অপারেশনাল লাইসেন্সিং নীতিমালা, ২০১৭

তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাসের (এলপি গ্যাস) বহুমুখী ব্যবহার সম্প্রসারণকল্পে এলপি গ্যাস আমদানি, উৎপাদন, মজুদ, পরিবহন, টার্মিনাল স্থাপন, স্বয়ংক্রিয় যানের জ্বালানি (অটোগ্যাস) হিসেবে এলপি গ্যাস বিতরণ স্টেশন (ডিসপেন্সিং/রিফুয়েলিং স্টেশন) স্থাপন, স্বয়ংক্রিয় যানের ইঞ্জিনকে এলপি গ্যাস দ্বারা চালানোর জন্য রূপান্তর কারখানা স্থাপন, বটলিং প্ল্যান্ট নির্মাণ এবং এলপি গ্যাস বিতরণ ও ও বিপণনের লক্ষ্যে মাস্টার ফ্রাঞ্চাইজি বা ফ্রাঞ্চাইজি বা এক্সক্লুসিভ ডিস্ট্রিবিউটার বা ডিস্ট্রিবিউটার ও ডিলার নিয়োগের সাথে দেশের অর্থনীতি, ভোক্তা স্বার্থ ও অধিকার, পরিবহন ব্যবস্থা, সামগ্রিক নিরাপত্তা ব্যবস্থা ইত্যাদি বিষয় ওতপ্রোতভাবে জড়িত। তাই এ গ্যাসের নিরাপদ, সুষ্ঠু ও প্রতিযোগিতামূলক ব্যবসা সম্প্রসারণ ও পরিচালনায় এলপি গ্যাস আমদানি, উৎপাদন, মজুদ, পরিবহন, টার্মিনাল স্থাপন, অটোগ্যাস জ্বালানি হিসেবে এলপি গ্যাস বিতরণ স্টেশন (ডিসপেন্সিং/রিফুয়েলিং স্টেশন) স্থাপন, স্বয়ংক্রিয় যানের ইঞ্জিনকে এলপি গ্যাস দ্বারা চালানোর জন্য রূপান্তর কারখানা স্থাপন, বটলিং প্ল্যান্ট নির্মাণসহ এলপি গ্যাস বিতরণ ও বিপণনের লক্ষ্যে মাস্টার ফ্রাঞ্চাইজি বা ফ্রাঞ্চাইজি বা এক্সক্লুসিভ ডিস্ট্রিবিউটার বা ডিস্ট্রিবিউটার ও ডিলার নিয়োগের জন্য প্রয়োজনীয় অবকাঠামো, আর্থিক সক্ষমতা, এলপি গ্যাসের মান নিয়ন্ত্রণের জন্য স্পেসিফিকেশন নির্ধারণ, বিভিন্ন পর্যায়ের ক্রেতা-বিক্রেতার মধ্যে সম্পর্ক, দায়িত্ব ও সম্পাদিত চুক্তি ইত্যাদি বিষয়সমূহ সুনির্দিষ্ট করা সমীচীন বিধায় এই নীতিমালা প্রণয়ন করা হলো।

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও সংজ্ঞা :**

১.১। ইহা "**এলপি গ্যাস অপারেশনাল লাইসেন্সিং নীতিমালা, ২০১৭**" নামে অভিহিত হবে।

১.২। তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস বা এলপি গ্যাস অর্থ তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস যা বিউটেন, প্রোপেন এবং তাদের মিশ্রণ।

১.৩। তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপি গ্যাস) আমদানি, উৎপাদন, মজুদ, পরিবহন, টার্মিনাল স্থাপন, বটলিং প্ল্যান্ট স্থাপন এবং স্বয়ংক্রিয় যানের জ্বালানি (অটোগ্যাস) হিসেবে এলপি গ্যাস বিতরণ স্টেশন (ডিসপেন্সিং/রিফুয়েলিং স্টেশন) স্থাপন, স্বয়ংক্রিয় যানের ইঞ্জিনকে এলপি গ্যাস দ্বারা চালানোর জন্য রূপান্তর কারখানা স্থাপনের মাধ্যমে এলপি গ্যাস বিতরণ ও বিপণনের কার্যক্রম পরিচালনাকারী প্রতিষ্ঠানকে "এলপি গ্যাস অপারেটর" হিসেবে অভিহিত করা হবে।

১.৪। এলপি গ্যাস অপারেটর নিজে সরাসরি অথবা নিম্নের অনুচ্ছেদ ১.৫ এ বর্ণিত পন্থায় মাস্টার ফ্রাঞ্চাইজি বা ফ্রাঞ্চাইজি বা এক্সক্লুসিভ ডিস্ট্রিবিউটার বা ডিস্ট্রিবিউটার ও ডিলার নিয়োগের মাধ্যমে গৃহস্থালি, অটোগ্যাস, বাণিজ্যিক ও শিল্প কাজে ব্যবহারের জন্য সমগ্র বাংলাদেশে এলপি গ্যাস বিতরণ ও বিপণন করতে পারবে।

১.৫। এলপি গ্যাস অপারেটর কর্তৃক নিয়োগকৃত মাস্টার ফ্রাঞ্চাইজি বা ফ্রাঞ্চাইজি বা এক্সক্লুসিভ ডিস্ট্রিবিউটার বা ডিস্ট্রিবিউটার ও ডিলার ব্যতীত অন্য কেউ গৃহস্থালি, অটোগ্যাস, বাণিজ্যিক ও শিল্প কাজে ব্যবহারের জন্য এলপি গ্যাস বিতরণ ও বিপণন করতে পারবে না। তবে শর্ত থাকে যে, মাস্টার ফ্রাঞ্চাইজি বা ফ্রাঞ্চাইজি বা এক্সক্লুসিভ ডিস্ট্রিবিউটার বা ডিস্ট্রিবিউটার ও ডিলারগণকে বিস্ফোরক পরিদপ্তর হতে প্রয়োজনীয় লাইসেন্স গ্রহণপূর্বক এলপি গ্যাস অপারেটরদের সঙ্গে দ্বিপাক্ষিক চুক্তির মাধ্যমে ফ্রাঞ্চাইজ বা ডিস্ট্রিবিউটার ও ডিলারশিপ গ্রহণপূর্বক এলপি গ্যাস বিতরণ ও বিপণন করতে হবে।

২। **এলপি গ্যাস অপারেটরের জন্য সরকারের অনুমোদন পদ্ধতি এবং এ নীতিমালার প্রয়োগ :**

২.১। সরকারের পূর্বানুমোদন এবং এলপি গ্যাস অপারেটরের লাইসেন্স ব্যতিত কোন প্রতিষ্ঠান এলপি গ্যাস অপারেটর হিসেবে ব্যবসা পরিচালনা করতে পারবে না।

২.২। এলপি গ্যাস অপারেটরকে উক্ত ব্যবসা পরিচালনার জন্য নীতিমালায় বর্ণিত পদ্ধতিতে সরকার হতে প্রথমে প্রাথমিক অনুমোদন এবং পরবর্তীতে চূড়ান্ত অনুমোদন গ্রহণ করে সরকার নির্ধারিত চুক্তির ফরম্যাট অনুযায়ী বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের সাথে চুক্তি স্বাক্ষর করতে হবে এবং উক্ত স্বাক্ষরিত চুক্তি এলপি গ্যাস অপারেটরের লাইসেন্স হিসেবে গণ্য হবে।

২.৩। যে সকল প্রতিষ্ঠান প্রাথমিক অনুমোদনের ভিত্তিতে এলপি গ্যাসের ব্যবসা পরিচালনা করছে এবং চূড়ান্ত অনুমোদনের অপেক্ষায় রয়েছে, সে সকল প্রতিষ্ঠানকে এ নীতিমালা প্রকাশের তারিখ হতে ৬ (ছয়) মাসের মধ্যে এ নীতিমালার অনুচ্ছেদ ২.৪ এ বর্ণিত শর্ত ব্যতীত অন্যান্য সকল শর্ত পূরণ করে সরকারের চূড়ান্ত অনুমোদন গ্রহণ করতে হবে এবং সরকার নির্ধারিত চুক্তির ফরম্যাট অনুযায়ী বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের সাথে চুক্তি স্বাক্ষর করে উক্ত ব্যবসা পরিচালনা করতে হবে। তবে যৌক্তিক কারণে উল্লিখিত শর্ত পূরণে ব্যর্থ হলে সরকার আরো ৬(ছয়) মাস সময় বৃদ্ধি করতে পারবে।

২.৪। অনুচ্ছেদ ২.৩ এ বর্ণিত প্রতিষ্ঠান যারা এ নীতিমালা প্রকাশের পূর্ব হতে এলপি গ্যাসের ব্যবসা পরিচালনা করে আসছে সে সকল প্রতিষ্ঠান "এলপি গ্যাস অপারেশনাল লাইসেন্সিং নীতিমালা, ২০১৭" এ বর্ণিত সকল ব্যবসা পরিচালনা করতে ইচ্ছুক হলে এ নীতিমালা প্রকাশের তারিখ হতে ২(দুই) বছরের মধ্যে উক্ত প্রতিষ্ঠানের নিয়ন্ত্রণে পরিচালিত প্ল্যান্ট বা প্ল্যান্টসমূহের এলপি গ্যাস মজুদ ট্যাংকসমূহের ধারণ ক্ষমতা ন্যূনতম ৫,০০০ (পাঁচ হাজার) মেট্রিক টনে উন্নীত করতে হবে। তবে যৌক্তিক কারণে উল্লিখিত মজুত ক্ষমতা উন্নীত করতে না পারলে সরকার আরো ১(এক) বছর সময় বৃদ্ধি করতে পারবে।

২.৫। যে সকল প্রতিষ্ঠান প্রাথমিক অনুমোদন প্রাপ্ত কিন্তু এলপি গ্যাস অপারেটর হিসেবে ব্যবসা পরিচালনা শুরু করেনি, সে সকল প্রতিষ্ঠানের উপর এ নীতিমালার সকল শর্ত প্রযোজ্য হবে এবং সরকারের চূড়ান্ত অনুমোদন ও এলপি গ্যাস অপারেটরের লাইসেন্স গ্রহণ ব্যতিত তারা ব্যবসা শুরু করতে পারবে না।

২.৬। বোতলজাত এলপি গ্যাস বা বাল্ক আকারে এলপি গ্যাস রপ্তানির জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে অনাপত্তি এবং প্রযোজ্য ক্ষেত্রে বাণিজ্য মন্ত্রণালয় হতে অনুমোদন গ্রহণ করতে হবে।

২.৭। সরকার অনুমোদিত স্পেসিফিকেশন অনুযায়ী এলপি গ্যাস অথবা প্রোপেন অথবা বিউটেন উৎপাদন ও আমদানি করতঃ দেশে বিতরণ ও বিপণন করতে হবে।

২.৮। এ নীতিমালায় উল্লিখিত আইন, বিধি এবং সকল শর্ত এলপি গ্যাস অপারেটর, উক্ত এলপি গ্যাস অপারেটর কর্তৃক নিয়োগকৃত মাস্টার ফ্রাঞ্চাইজি বা ফ্রাঞ্চাইজি বা এক্সক্লুসিভ ডিস্ট্রিবিউটার বা ডিস্ট্রিবিউটার ও ডিলারগণ পালন করতে বাধ্য থাকবে, ব্যর্থতায় সরকার এলপি গ্যাস অপারেটরের অনুমোদন ও এলপি গ্যাস অপারেটরের লাইসেন্স বাতিল করতে পারবে অথবা উক্ত এলপি গ্যাস অপারেটর কর্তৃক নিয়োগকৃত মাস্টার ফ্রাঞ্চাইজি বা ফ্রাঞ্চাইজি বা এক্সক্লুসিভ ডিস্ট্রিবিউটার বা ডিস্ট্রিবিউটার ও ডিলার, যে এ নীতিমালায় উল্লিখিত আইন, বিধি এবং শর্ত পালনে ব্যর্থ হয়েছে সেই ক্ষেত্রে সরকার এলপি গ্যাস বিতরণ ও বিপণন বন্ধের নির্দেশ প্রদান করতে পারবে।

২.৯। এ সংক্রান্ত অন্যান্য নীতিমালায় যাই থাকুক না কেন এ নীতিমালা প্রাধান্য পাবে।

৩। **খুচরা মূল্য ও ফি নির্ধারণ :**

৩.১। এলপি গ্যাসের আন্তর্জাতিক বাজার মূল্যের উপর ভিত্তি করে সরকার সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সাথে আলোচনাক্রমে এলপি গ্যাসের খুচরা মূল্য (Retail Price) নির্ধারণের পদ্ধতি প্রণয়ন করবে।

৩.২। সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সাথে আলোচনাক্রমে এবং সরকারের অনুমতি সাপেক্ষে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) প্রদত্ত সেবা ও লাইসেন্স ফি নির্ধারণ করবে।

৪। **এলপি গ্যাস অপারেটরের প্রাথমিক অনুমোদনের শর্তাবলি :**

৪.১। এলপি গ্যাস অপারেটরের এলপিজি প্ল্যান্ট ও সংশ্লিষ্ট স্থাপনা নির্মাণের ক্ষেত্রে জননিরাপত্তার স্বার্থে আবাসিক ও জনবহুল এলাকা পরিহার করতে হবে।

৪.২। এলপি গ্যাস অপারেটরের ব্যবসা পরিচালনা করার ক্ষেত্রে উক্ত প্রতিষ্ঠানের নিয়ন্ত্রণে সর্বমোট ন্যূনতম ৫,০০০ (পাঁচ হাজার) মেট্রিক টন ধারণ ক্ষমতার এলপি গ্যাস মজুদ ট্যাংক নির্মাণ করতে হবে এবং বাল্ক এলপি গ্যাস পরিবহনের জন্য প্রয়োজনীয় সংখ্যক এলপি গ্যাস রোড ট্যাংকার অথবা নৌপথে চালিত এলপি গ্যাস পরিবহনযান থাকতে হবে।

৪.৩। এলপি গ্যাস অপারেটরের আর্থিক সক্ষমতার পক্ষে ব্যাংক অথবা আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক বিনিয়োগ নিশ্চয়তাপত্র (Financial Commitment Letter for Investment) অথবা নিজস্ব অর্থের সক্ষমতার প্রমাণপত্র থাকতে হবে।

৪.৪। এলপি গ্যাস অপারেটর কর্তৃক সরবরাহকৃত গ্যাস কোন শ্রেণি বা ধরনের ভোক্তাদের সরবরাহ করা হবে তা সুনির্দিষ্টভাবে নির্ধারণ করে আবেদন করতে হবে।

৪.৫। এলপি গ্যাস অপারেটরকে প্রাথমিক অনুমতিপত্র প্রাপ্তির ২(দুই) বছরের মধ্যে এ নীতিমালার শর্ত পূরণ সাপেক্ষে সংশ্লিষ্ট সরকারি দপ্তরসমূহ থেকে প্রয়োজনীয় অনুমোদন বা লাইসেন্স বা অনাপত্তিপত্র সংগ্রহপূর্বক প্ল্যান্ট নির্মাণের যাবতীয় কার্যক্রম সম্পন্ন করে চূড়ান্ত অনুমোদনের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে আবেদন করতে হবে। যৌক্তিক কারণে উল্লিখিত শর্ত পূরণে ব্যর্থ হলে সরকার আরো ১(এক) বছর সময় বৃদ্ধি করতে পারবে। তবে শর্ত থাকে যে, বর্ধিত ১(এক) বছর সময় অতিক্রান্ত হওয়ার সাথে সাথে স্বয়ংক্রিয়ভাবে প্রাথমিক অনুমতি বাতিল বলে গণ্য হবে।

৪.৬। উপরে উল্লিখিত শর্তসমূহ ছাড়াও এলপি গ্যাস অপারেটরকে সকল অবকাঠামো নির্মাণ ও পরিচালনার জন্য সরকার প্রণীত তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস বিধিমালা, ২০০৪; গ্যাস সিলিন্ডার বিধিমালা, ১৯৯১ ও গ্যাসাধার বিধিমালা, ১৯৯৫ যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৪.৭। এলপি গ্যাস অপারেটর কর্তৃক টার্মিনাল, বটলিং প্লান্ট অথবা স্থাপনা নির্মাণ ও পরিচালনার লক্ষ্যে সরকারের প্রণীত "এলপি গ্যাস বটলিং প্ল্যান্ট স্থাপনের নীতিমালা, ২০১৬" এ বর্ণিত অন্যান্য শর্তাবলি, প্রযোজ্য ক্ষেত্রে, এ নীতিমালায় আবশ্যিকভাবে বলবৎ থাকবে।

৪.৮। এলপি গ্যাস অপারেটর কর্তৃক অটোগ্যাস স্টেশনের জ্বালানি সরবরাহ করার ক্ষেত্রে অটোগ্যাস রিফুয়েলিং স্টেশন অথবা স্থাপনা নির্মাণ ও পরিচালনার লক্ষ্যে সরকার প্রণীত "তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (অটোগ্যাস) রিফুয়েলিং স্টেশন ও রূপান্তর ওয়ার্কশপ স্থাপন, পরিচালন এবং রক্ষণাবেক্ষণ নীতিমালা, ২০১৬" এ বর্ণিত অন্যান্য শর্তাবলি, প্রযোজ্য ক্ষেত্রে এ নীতিমালায় আবশ্যিকভাবে বলবৎ থাকবে।

৪.৯। এ নীতিমালার আওতায় এলপি গ্যাস অপারেটরের স্থাপিত ও পরিচালিত সকল টার্মিনাল, প্ল্যান্ট ও স্থাপনার ক্ষেত্রে সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীত সকল আইন, বিধি, নীতিমালা, আদেশ এবং শর্তাবলি প্রযোজ্য হবে।

**৫। গৃহস্থালি, স্বয়ংক্রিয় যান/অটোগ্যাস রিফুয়েলিং স্টেশন, বাণিজ্যিক ও শিল্প কাজে এলপি গ্যাস ব্যবহার, পরিবহন ইত্যাদি পরিচালনার জন্য শর্তাবলি :**

৫.১। এলপি গ্যাস অপারেটরকে নিজে অথবা তৎকর্তৃক নিয়োগকৃত মাস্টার ফ্রাঞ্চাইজি বা ফ্রাঞ্চাইজি বা এক্সক্লুসিভ ডিস্ট্রিবিউটার বা ডিস্ট্রিবিউটার ও ডিলারের মাধ্যমে গৃহস্থালি, স্বয়ংক্রিয় যান/অটোগ্যাস রিফুয়েলিং স্টেশন, বাণিজ্যিক ও শিল্প কাজে ব্যবহারের জন্য এলপি গ্যাস (কাঁচামাল) আমদানি অথবা স্থানীয়ভাবে সংগ্রহে সক্ষম হতে হবে এবং কাঁচামাল সরকার কর্তৃক নির্ধারিত স্পেসিফিকেশনের হতে হবে।

৫.২। এলপি গ্যাস অপারেটর নিজের অথবা তৎকর্তৃক নিয়োগকৃত মাস্টার ফ্রাঞ্চাইজি বা ফ্রাঞ্চাইজি বা এক্সক্লুসিভ ডিস্ট্রিবিউটার বা ডিস্ট্রিবিউটার ও ডিলার কর্তৃক গৃহস্থালি, স্বয়ংক্রিয় যান/অটোগ্যাস রিফুয়েলিং স্টেশন, বাণিজ্যিক ও শিল্প কাজে এলপি গ্যাস (কাঁচামাল) সরবরাহ/পরিবহনের জন্য প্রয়োজনীয় সংখ্যক এলপি গ্যাস রোড ট্যাংকার, রোড ট্রাক অথবা নৌপথে চালিত এলপি গ্যাস পরিবহনযান থাকতে হবে।

৫.৩। এলপি গ্যাস অপারেটর এবং তৎকর্তৃক নিয়োগকৃত মাস্টার ফ্রাঞ্চাইজি বা ফ্রাঞ্চাইজি বা এক্সক্লুসিভ ডিস্ট্রিবিউটার বা ডিস্ট্রিবিউটার ও ডিলারগণকে দেশের প্রচলিত নিয়মানুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে পরস্পরের সাথে দ্বিপাক্ষিক চুক্তি সম্পাদন করতে হবে।

৫.৪। এলপি গ্যাস অপারেটর, তৎকর্তৃক নিয়োগকৃত মাস্টার ফ্রাঞ্চাইজি বা ফ্রাঞ্চাইজি বা এক্সক্লুসিভ ডিস্ট্রিবিউটার বা ডিস্ট্রিবিউটার ও ডিলারগণকে তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস বিধিমালা, ২০০৪; গ্যাস সিলিন্ডার বিধিমালা, ১৯৯১; গ্যাসাধার বিধিমালা, ১৯৯৫; এলপিজি বটলিং প্ল্যান্ট স্থাপন নীতিমালা, ২০১৬, বিস্ফোরক আইন, ১৮৮৪ ও পেট্রোলিয়াম আইন, ২০১৬ মোতাবেক প্ল্যান্ট, স্থাপনা, অটোগ্যাস রিফুয়েলিং স্টেশন, রূপান্তর কারখানা এবং ভোক্তা সাধারণের যাবতীয় নিরাপত্তা নিশ্চিত করতে হবে।

৫.৫। এলপি গ্যাস অপারেটর, তৎকর্তৃক নিয়োগকৃত মাস্টার ফ্রাঞ্চাইজি বা ফ্রাঞ্চাইজি বা এক্সক্লুসিভ ডিস্ট্রিবিউটার বা ডিস্ট্রিবিউটার ও ডিলারগণকে বাংলাদেশ পেট্রোলিয়াম আইন, ১৯৭৪; বিস্ফোরক আইন, ১৮৮৪; পেট্রোলিয়াম আইন, ২০১৬; বাংলাদেশ গ্যাস আইন, ২০১০; বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন আইন, ২০০৩; সরকারের প্রণীত তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস বিধিমালা, ২০০৪; গ্যাস সিলিন্ডার বিধিমালা, ১৯৯১, গ্যাসাধার বিধিমালা, ১৯৯৫; সরকারের প্রণীত এলপিজি বটলিং প্ল্যান্ট স্থাপনের নীতিমালা, ২০১৬, তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (অটোগ্যাস) রিফুয়েলিং স্টেশন এবং রূপান্তর ওয়ার্কশপ স্থাপন, পরিচালন ও রক্ষণাবেক্ষণ নীতিমালা, ২০১৬ সহ ইতোমধ্যে প্রণীত এবং ভবিষ্যতে প্রণীতব্য সংশ্লিষ্ট আইন, বিধিমালা এবং আদেশ যথাযথভাবে অনুসরণ করতে হবে। উপরে উল্লিখিত আইন, বিধিমালা ও নীতিমালার কোন ব্যত্যয় ঘটলে এলপি গ্যাস অপারেটর, তৎকর্তৃক নিয়োগকৃত মাস্টার ফ্রাঞ্চাইজি বা ফ্রাঞ্চাইজি বা এক্সক্লুসিভ ডিস্ট্রিবিউটার বা ডিস্ট্রিবিউটার ও ডিলার সকলের উপর দায়িত্ব সমভাবে বর্তাবে।

৬। **এলপি গ্যাস অপারেটরের প্রাথমিক অনুমতির আবেদন প্রক্রিয়া :**

৬.১। এলপি গ্যাস অপারেটর অনুচ্ছেদ ৪ ও ৫ এ বর্ণিত শর্তাবলি অনুসরণ করে নিম্নলিখিত কাগজপত্রসহ এতদ্সংগে সংযুক্তি-ক এর মাধ্যমে বিপিসিতে আবেদন করবে :

৬.১.১। প্রকল্প প্রস্তাব (Project Proposal/Project Proforma);

৬.১.২। এলপি গ্যাস বিতরণ ও বিপণনকরণ প্রকল্পের উপর একটি সম্ভাব্যতা যাচাই প্রতিবেদন (Feasibility Study Report);

৬.১.৩। প্রকল্প বাস্তবায়নের জন্য জমির মালিকানা সংক্রান্ত প্রাথমিক প্রমাণপত্র (চুক্তি বা বায়নাপত্র বা দলিল বা খতিয়ান বা পর্চা ইত্যাদি);

৬.১.৪। প্ল্যান্ট এবং স্থাপনাসমূহের বিস্ফোরক পরিদপ্তর কর্তৃক অনুমোদিত নকশা (Lay-out Plan);

৬.১.৫। আর্থিক সক্ষমতার পক্ষে ব্যাংক অথবা আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক বিনিয়োগ নিশ্চয়তাপত্র (Financial Commitment Letter for Investment) অথবা নিজস্ব অর্থের সক্ষমতার প্রমাণপত্র;

৬.১.৬। ট্রেড লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি;

৬.১.৭। আয়কর সনদ (e-TIN) এবং সর্বশেষ বছরের আয়কর পরিশোধের প্রমাণপত্রের সত্যায়িত ফটোকপি;

৬.১.৮। ব্যক্তি আবেদনকারীর ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র এবং প্রাতিষ্ঠানিক আবেদনকারীর ক্ষেত্রে সার্টিফিকেট অব ইনকর্পোরেশন ও মেমোরেন্ডাম এন্ড আর্টিক্যাল্স অব এসোসিয়েশন;

৬.১.৯। গেজেটেড সরকারি কর্মকর্তা কর্তৃক আবেদনকারীর (প্রতিষ্ঠানের ক্ষেত্রে স্বত্বাধিকারীর) সদ্যতোলা ২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;

৬.১.১০। সরকার কর্তৃক নির্ধারিত ফি পরিশোধের চালান বা ব্যাংক ড্রাফ্ট; এবং

৬.১.১১। সরকার বা কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী অন্য কোনো কাগজপত্র।

৭। **প্রাথমিক অনুমতিপত্র :**

৭.১। অনুচ্ছেদ ৬ এ বর্ণিত কাগজপত্রসহ আবেদন প্রাপ্তির পর বিপিসি আবেদনের বিষয়ে সরেজমিন যাচাইপূর্বক একটি প্রতিবেদন ৩০ (ত্রিশ) দিনের মধ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে দাখিল করবে। উক্ত প্রতিবেদন বিশ্লেষণ করে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ আবেদনকারীর অনুকূলে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে প্রাথমিক অনুমতি প্রদান করবে।

৭.২। প্রাথমিক অনুমতিপত্র হস্তান্তরযোগ্য নয়।

৮। **চূড়ান্ত অনুমোদন পদ্ধতি :**

৮.১। চূড়ান্ত অনুমোদন পাওয়ার লক্ষ্যে এলপি গ্যাস অপারেটরকে নিজস্ব লেটার হেড প্যাডে এলপি গ্যাস আমদানি, স্থানীয়ভাবে সংগ্রহের পরিমাণ, পরিবহন ব্যবস্থা, বিনিয়োগ, আয় ও ব্যয়, সর্বোচ্চ উৎপাদন ক্ষমতা এবং গৃহস্থালি, স্বয়ংক্রিয় যান/অটোগ্যাস রিফুয়েলিং স্টেশন, বাণিজ্যিক, শিল্প খাতে এলপি গ্যাস বিতরণ ও বিপণনের পরিমাণসহ তৎকর্তৃক নিয়োগকৃত মাস্টার ফ্রাঞ্চাইজি বা ফ্রাঞ্চাইজি বা এক্সক্লুসিভ ডিস্ট্রিবিউটার বা ডিস্ট্রিবিউটার ও ডিলারের বিস্তারিত তথ্যাদি উল্লেখপূর্বক জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে আবেদন করতে হবে।

৮.২। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিপিসি, বিস্ফোরক পরিদপ্তর এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত অন্য যে কোনো কর্তৃপক্ষ যে কোনো সময় টার্মিনাল, প্ল্যান্ট, স্থাপনা ও স্বয়ংক্রিয় যান/অটোগ্যাস রিফুয়েলিং স্টেশনের জ্বালানি হিসেবে এলপি গ্যাস বিতরণ স্টেশন (ডিসপেন্সিং/রিফুয়েলিং স্টেশন) স্থাপনা, স্বয়ংক্রিয় যানের ইঞ্জিনকে এলপি গ্যাস দ্বারা চালানোর জন্য রূপান্তর কারখানা বা স্থাপনা পরিদর্শন করতে পারবে এবং পরিদর্শনকালে যাচিত তথ্য-উপাত্ত সরবরাহ করতে টার্মিনাল, প্ল্যান্ট, স্থাপনা অথবা নিয়োগকৃত মাস্টার ফ্রাঞ্চাইজি বা ফ্রাঞ্চাইজি বা এক্সক্লুসিভ ডিস্ট্রিবিউটার বা ডিস্ট্রিবিউটার ও ডিলারগণ বাধ্য থাকবে।

৮.৩। এক এলপি গ্যাস অপারেটর অপর এলপি গ্যাস অপারেটরের সিলিন্ডার রিফিল করতে পারবে না। যদি ব্যত্যয় ঘটে সে ক্ষেত্রে অপারেটর, তৎকর্তৃক নিয়োগকৃত মাস্টার ফ্রাঞ্চাইজি বা ফ্রাঞ্চাইজি বা এক্সক্লুসিভ ডিস্ট্রিবিউটার বা ডিস্ট্রিবিউটার ও ডিলারগণের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৮.৪। চূড়ান্ত অনুমতি প্রাপ্তির লক্ষ্যে এলপি গ্যাস অপারেটরকে আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি দাখিল করতে হবে :

৮.৪.১। প্রস্তাবিত টার্মিনাল, প্ল্যান্ট অথবা স্থাপনাসমূহ নির্মাণের জন্য প্রয়োজনীয় জমির মালিকানা সংক্রান্ত চূড়ান্ত চুক্তিনামা বা দলিলপত্র ও খতিয়ান বা পর্চা;

৮.৪.২। আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণ (Financial & Economic Analysis) সম্বলিত স্বয়ংসম্পূর্ণ প্রকল্প প্রস্তাব (Project Proposal/Project Proforma);

৮.৪.৩। টার্মিনাল, প্ল্যান্ট এবং স্থাপনাসমূহ নির্মাণ ও পরিচালনার ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তর, Bangladesh Standard and Testing Institute (BSTI), বিস্ফোরক পরিদপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, জেলা প্রশাসক, স্থানীয় কর্তৃপক্ষ, প্রযোজ্য ক্ষেত্রে বাংলাদেশ ইনভেস্টমেন্ট ডেভেলপমেন্ট অথরিটি (বিডা) এর অনুমতিসহ সরকারের বিধিবদ্ধ সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা বিভাগ বা দপ্তর বা অধিদপ্তর বা পরিদপ্তর থেকে প্রয়োজনীয় অনুমোদন বা লাইসেন্স বা ছাড়পত্র বা অনাপত্তিপত্র এবং Bangladesh Energy Regulatory Commission (BERC) এর লাইসেন্স;

৮.৪.৪। প্রয়োজনীয় কারিগরি জনবলের তথ্যাদি।

**৯। চূড়ান্ত অনুমোদনের জন্য নিম্নবর্ণিত শর্তাবলি প্রযোজ্য হবে :**

৯.১। স্থাপিত বটলিং প্ল্যান্টে এলপি গ্যাস সিলিন্ডারের বাহ্যিক ও অভ্যন্তরীণ পরীক্ষণের জন্য আধুনিক যন্ত্রপাতি-সম্বলিত পরীক্ষা কেন্দ্র থাকতে হবে।

৯.২। স্থাপিত টার্মিনাল ও প্ল্যান্টে এলপি গ্যাসের গুণগত মান পরীক্ষার জন্য ন্যূনতম প্রয়োজনীয় যন্ত্রপাতি-সম্বলিত ল্যাবরেটরী থাকতে হবে। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিপিসি, বিস্ফোরক পরিদপ্তর, BSTI এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত যে কোনো কর্তৃপক্ষ এলপি গ্যাসের গুণগত মান পরীক্ষা করতে পারবে।

৯.৩। স্থাপিত টার্মিনাল ও প্ল্যান্ট অথবা স্বয়ংক্রিয় যান/অটোগ্যাস রিফুয়েলিং স্টেশনের জ্বালানি হিসেবে এলপি গ্যাস বিতরণ স্টেশন (ডিসপেন্সিং/রিফুয়েলিং স্টেশন), স্বয়ংক্রিয় যানের ইঞ্জিনকে এলপি গ্যাস দ্বারা চালানোর জন্য রূপান্তর কারখানায় এলপি গ্যাস মজুদ ট্যাংকের উপর পানির স্প্রে ব্যবস্থা (Fixed Sprinkle System as per Code NFPA 15 I ASME কোড ও স্ট্যান্ডার্ড অনুযায়ী) থাকতে হবে।

৯.৪। NFPA 58, ASME কোড ও তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস বিধিমালা, ২০০৪ এবং বিস্ফোরক পরিদপ্তর কর্তৃক জারীকৃত (হালনাগাদ) প্রজ্ঞাপনে উল্লিখিত কোড ও স্ট্যান্ডার্ড অনুসরণ করে টার্মিনাল, প্ল্যান্ট অথবা স্বয়ংক্রিয় যান/অটোগ্যাস রিফুয়েলিং স্টেশনের জ্বালানি হিসেবে এলপি গ্যাস বিতরণ স্টেশন (ডিসপেন্সিং/রিফুয়েলিং স্টেশন), স্বয়ংক্রিয় যানের ইঞ্জিনকে এলপি গ্যাস দ্বারা চালানোর জন্য রূপান্তর কারখানার প্রেসার ভেসেল, ফিলিং মেশিনারীসহ সকল যন্ত্রপাতি আমদানি, প্রস্তুত, স্থাপন ও পরিচালনা করতে হবে।

৯.৫। এলপি গ্যাস অপারেটর প্রতিষ্ঠান আন্তর্জাতিক কোড ও স্ট্যান্ডার্ড অনুযায়ী এবং বিস্ফোরক পরিদপ্তরের নির্ধারিত মান ও পূর্বানুমোদন সাপেক্ষে এলপি গ্যাস সিলিন্ডার প্রস্তুত বা আমদানি করতে পারবে। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিপিসি, বিস্ফোরক পরিদপ্তর প্রস্তুতকৃত বা আমদানিকৃত সিলিন্ডারের গুণগত মান যে কোনো সময় পরীক্ষা করে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

৯.৬। প্রাথমিক অনুমতিপত্রের শর্তাদিসহ টার্মিনাল, প্ল্যান্ট ও স্বয়ংক্রিয় যান/অটোগ্যাস রিফুয়েলিং স্টেশনের জ্বালানি হিসেবে এলপি গ্যাস বিতরণ স্টেশন (ডিসপেন্সিং/রিফুয়েলিং স্টেশন) স্থাপন, স্বয়ংক্রিয় যানের ইঞ্জিনকে এলপি গ্যাস দ্বারা চালানোর জন্য রূপান্তর কারখানা স্থাপন, পরিচালনা, বিনিয়োগ এবং এলপি গ্যাস বিতরণ ও বিপণনের জন্য প্রযোজ্য সকল বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৯.৭। এলপি গ্যাস সিলিন্ডার বা এলপি গ্যাস পরিবহনযান বা ব্যবহৃত মেশিনারী বা যন্ত্রপাতির দুর্ঘটনার কারণে যদি কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের ক্ষতি সাধিত হয় সেক্ষেত্রে দায়ী ব্যক্তি বা প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্তকে উপযুক্ত ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবে।

**১০। চূড়ান্ত অনুমতিপত্র :**

১০.১। প্রাথমিকভাবে অনুমোদনপ্রাপ্ত এলপি গ্যাস অপারেটর কর্তৃক অনুচ্ছেদ ৮ এ বর্ণিত কাগজপত্রাদি দাখিলের পর বিপিসি এ সকল কাগজপত্রাদি এবং অনুচ্ছেদ ৯ এ বর্ণিত শর্তাবলি প্রতিপালনের বিষয়াদি সরেজমিন যাচাইপূর্বক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে মতামত প্রদান করবে। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ থেকে পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে অনুমোদন নিয়ে সরকার নির্ধারিত চুক্তির ফরম্যাট অনুযায়ী উক্ত এলপি গ্যাস অপারেটর এবং বিপিসি একটি চুক্তি সম্পাদন করবে যা তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপি গ্যাস) আমদানি, উৎপাদন, মজুদ, পরিবহন, টার্মিনাল স্থাপন, স্বয়ংক্রিয় যান/অটোগ্যাস রিফুয়েলিং স্টেশনের জ্বালানি হিসেবে এলপি গ্যাস বিতরণ স্টেশন (ডিসপেন্সিং/রিফুয়েলিং স্টেশন) স্থাপন, স্বয়ংক্রিয় যানের ইঞ্জিনকে এলপি গ্যাস দ্বারা চালানোর জন্য রূপান্তর কারখানা স্থাপন, বটলিং প্ল্যান্ট নির্মাণ এবং এলপি গ্যাস বিতরণ ও বিপণনকরণের লক্ষ্যে চূড়ান্ত অনুমতি বলে বিবেচিত হবে। উক্ত স্বাক্ষরিত চুক্তি এলপি গ্যাস অপারেটরের লাইসেন্স হিসেবে গণ্য হবে।

১০.২। চূড়ান্ত অনুমতিপত্র হস্তান্তরযোগ্য।

**নাজিমউদ্দিন চৌধুরী**
সচিব।

**আবেদন ফরম** সংযুক্তি-'ক'

**এলপি গ্যাস অপারেশনাল লাইসেন্সিং নীতিমালা, ২০১৭ অনুযায়ী**

| ক্রমিক নং | বর্ণনা | | |
|---|---|---|---|
| ১। | কোম্পানির নাম | | |
| ২। | আবেদনকারীর নাম, পদবি এবং জাতীয়তা | | |
| ৩। | ঠিকানা | | |
| ৪। | **প্রস্তাবিত প্রকল্পের অবস্থান**<br>ক) উপজেলা/থানা<br>খ) জেলা<br>গ) জমির পরিমাণ<br>ঘ) প্ল্যান্টের স্টোরেজ ক্যাপাসিটি | | |
| ৫। | **সংযুক্তি**<br>ক) প্রকল্প প্রস্তাব/প্রোফর্মা<br>খ) জমির মালিকানা সংক্রান্ত কাগজপত্র<br>গ) সরকার অনুমোদিত কোনো ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের নিকট থেকে বিনিয়োগ নিশ্চয়তাপত্র Financial Commitment Letter for Investment<br>ঘ) ২ কপি সত্যায়িত ছবি<br>ঙ) ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি<br>চ) আয়কর সনদ/ই-টিআইএন<br>ছ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি (ব্যক্তি আবেদনকারীর জন্য)<br>জ) মেমোরেন্ডাম অব আর্টিকেলস অব অ্যাসোসিয়েশন এবং সার্টিফিকেট অব ইনকর্পোরেশন | | |

আমি/আমরা এই মর্মে ঘোষণা করছি যে, উপরোক্ত তথ্যাদি সত্য এবং এতদসংগে উপস্থাপিত দলিলাদি সঠিক। আমি/আমরা আরো ঘোষণা করছি যে, যদি তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপি গ্যাস), আমদানি, উৎপাদন, মজুদ, পরিবহন, টার্মিনাল স্থাপন, প্ল্যান্ট নির্মাণ এবং স্বয়ংক্রিয় যান/অটোগ্যাস রিফুয়েলিং স্টেশনের জ্বালানি হিসেবে এলপি গ্যাস বিতরণ স্টেশন (ডিসপেন্সিং/রিফুয়েলিং স্টেশন) স্থাপন, স্বয়ংক্রিয় যানের ইঞ্জিনকে এলপি গ্যাস দ্বারা চালানোর জন্য রূপান্তর কারখানা স্থাপন, পরিচালনা, মাস্টার ফ্রাঞ্চাইজি বা ফ্রাঞ্চাইজি বা এক্সক্লুসিভ ডিস্টিবিউটার বা ডিস্টিবিউটার ও ডিলার নিয়োগের মাধ্যমে বিতরণ ও বিপণনের অনুমোদন দেয়া হয়, তবে আমি/আমরা যাবতীয় আইন-কানুন মেনে চলবো। প্রতিজ্ঞা করছি যে, এই অনুমোদনের আওতায় কোনো স্বত্ব-সুবিধা আমি/আমরা অন্য কারো নিকট বিক্রি, বন্ধক বা অন্য কোনোরূপে হস্তান্তর করবো না।

আমি/আমরা এই মর্মে নিশ্চয়তা প্রদান করছি যে, এই অনুমোদন সংক্রান্ত কোনো অঙ্গীকার ভঙ্গের কারণে মন্ত্রণালয় আমার/আমাদের অনুমোদন বাতিল করার সকল ক্ষমতা সংরক্ষণ করে, তবে শর্ত থাকে যে, সরকার এবং কোম্পানির মধ্যে উদ্ভূত কোনো বিরোধ (যদি থাকে) এতদ্‌সংক্রান্ত অ্যাক্ট/রুলস/রেগুলেশনের আওতায় নিষ্পত্তি করা হবে।

আবেদনকারীর স্বাক্ষর ও সীল

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd